



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পুলিশ
উপ-পুলিশ কমিশনার
গোয়েন্দা বিভাগ (ডিবি) এর কার্যালয়
রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর



তাং-১৬/১১/২০২০খ্রিঃ

প্রেস রিলিজ
রংপুর মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা বিভাগ (ডিবি) কর্তৃক রংপুর মেডিকেল কলেজ থেকে
দালাল চক্রের ০৬ সদস্য গ্রেফতার



অদ্য ১৬/১১/২০২০ খ্রিঃ রংপুর মেট্রোপলিটন কোতয়ালী থানাধীন মেডিকেল কলেজ থেকে দালাল চক্রের ০৬ সদস্যকে গ্রেফতার করা হয়।

ঘটনার বিবরণীতে জানা যায়, রংপুর মহানগরী এলাকার রংপুর মেডিকেল, ক্লিনিক ও ডায়াগনস্টিক সেন্টার গুলোতে প্রত্যহ যেসকল অসুস্থ রোগী আসে তারা নানাভাবে দালাল চক্রের সম্মুখীন হচ্ছে এবং এই দালাল চক্রের সদস্যরা চিকিৎসা নিতে আসা রোগী ও তাদের লোকজনদের জোড় করে/বিভিন্ন প্রলোভন দেখিয়ে বিভিন্ন ডাক্তার ও ক্লিনিক থেকে অন্য ক্লিনিকে নিয়ে যাওয়ার চেষ্টা করছে।

উক্ত ঘটনার প্রেক্ষিতে, অদ্য ১৬/১১/২০২০ খ্রিঃ গোপন সংবাদের ভিত্তিতে রংপুর মেট্রোপলিটন গোয়েন্দা বিভাগ এর অতিঃ উপ-পুলিশ কমিশনার (ডিবি) জনাব উত্তম প্রসাদ পাঠক এর নেতৃত্বে, ইন্সপেক্টর (নিঃ) এবিএম ফিরোজ ওয়াহিদ, এসআই (নিঃ) মোঃ বাবুল ইসলাম, এসআই (নিঃ) মোঃ নাজমুল ইসলাম সঙ্গীয় ফোর্স কং/ আনহার, কং/সারোয়ার, কং/আসলাম, কং/বাবুল এবং কং/ সুজনসহ কোতয়ালী থানাধীন মেডিকেল কলেজ হাসপাতালে আগত রোগী ও তাদের লোকজনের সাথে বাকবিতণ্ডা করার সময় দালাল চক্রের ০৬ জন সদস্যকে গ্রেফতার করা হয়।

গ্রেফতারকৃত আসামীরা হলো- ০১। মোঃ আসাদ (৩২), পিতা- মোঃ সোলেমান, সাং- গঙ্গাচড়া, জেলা- রংপুর, ০২। মোঃ আলাউদ্দীন (২৫), পিতা- মৃত সুরঞ্জ আলী, সাং- ধাপ-চিকলি ভাটা, থানা-কোতয়ালী, মহানগর, রংপুর, ০৩। মোঃ মিলান (৩৫), পিতা- মোঃ মহিসিন আলী, সাং- কামাড়াপাড়া, থানা- পরশুরাম, মহানগর, রংপুর, ০৪। মোঃ রায়হান (২৫), পিতা- জাহাঙ্গীর আলম, সাং- আরাজিনিয়া মোড়, থানা- গঙ্গাচড়া, জেলা- রংপুর, ০৫। মোঃ তারিক (৩০), পিতা- আব্দুল আউয়াল, সাং- পশ্চিম নীলকণ্ঠ, থানা- কোতয়ালী (সদর), রংপুর এবং ০৬। মোঃ মফিজ (৫৫), পিতা- মৃত মহিউদ্দীন, সাং- হাজিপাড়া মোড়, থানা-কোতয়ালী, মহানগর, রংপুর,

পরবর্তীতে গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আরপিএমপি কোতয়ালী থানায় রংপুর মহানগর আইন ২০১৮ এর ৭৮ ধারায় প্রসিকিউশন দাখিল করা হয়।

১৬.১১.২০২০

(উত্তম প্রসাদ পাঠক)

অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার

(ডিবি এন্ড মিডিয়া)

পক্ষে/পুলিশ কমিশনার

রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর

মোবাইল-০১৭২০-০৭৩৬৬১

